
# Vocabulary Graduation-1

Dr. Shamsul Arefin



# Chapter 1: আবেগের রাজ্যে রাফি আর আয়েশা

- রাফি ছোটবেলা থেকেই খুব চুপচাপ ছেলে। সে কাউকে annoy করতে জানত না, বরং বন্ধুরা তাকে বিরক্ত করলেই সে চুপচাপ সয়ে যেত। কিন্তু একদিন স্কুলের এক অনুষ্ঠানে তাকে সবার সামনে গান গাইতে বলা হলো। ভেতরে ভেতরে সে গানটা abhor করছিলো—কারণ, সে একেবারেই মঞ্চে উঠতে চাইত না।
- মঞ্চে দাঁড়ানোর সময় তার বুক ধুকপুক করতে লাগল। মনে হচ্ছিল চারপাশে শুধু animosity ছড়িয়ে আছে—সবাই যেন তার ভুল ধরার জন্য বসে আছে। কিন্তু গান গাওয়ার মাঝেই সে হঠাৎ টের পেল, ভেতরে কোথাও একটা আলো আছে। শিক্ষকরা সবসময় তাকে বলতেন, "নিজেকে sanguine রাখো—আশাবাদী হও।"
- গান শেষ হতেই অডিটোরিয়ামে applause ধ্বনিতে ভরে গেল। রাফির চোখ ভিজে উঠল, কারণ প্রথমবার সে নিজের ভয়কে জয় করেছিল।

- একই শহরে ছিলো আয়েশা। বাবাকে হারানোর পর সে দিন দিন gloom এ ডুবে যাচ্ছিল। তার মুখে সবসময় দুঃখের ছায়া—মাঝে মাঝে এতটাই ভারী হয়ে উঠত যে চারপাশের মানুষ বলত, "আয়েশার চোখে যেন চিরন্তন remorse।"
- বন্ধুরা তাকে হাসানোর জন্য অনেক চেষ্টা করত। একদিন ক্লাস শেষে সবাই মিলে এমন কাণ্ড করল যে পুরো ক্লাস হেসে লুটোপুটি খাচ্ছিল। তখনই আয়েশা একটু হেসে উঠল। বন্ধুরা বলল, "দেখো, আমাদের আয়েশাও hilarious হতে পারে।"
- কিন্তু সত্যি বলতে, তার হাসির নিচে ছিলো এক বিশাল শূন্যতা। তবুও সেই দিন থেকে রাফি প্রতিজ্ঞা করল—যেভাবে সে ভয়কে জয় করেছে, সেভাবে আয়েশাকেও নতুন করে হাসতে শিখতে সাহায্য করবে। আর হয়তো এটাই জীবনের আসল শিক্ষা: ঘৃণা, শত্রুতা আর দুঃখ (abhor, animosity, gloom) সবসময় আসবেই, কিন্তু আশাবাদ (sanguine) আর হাসি (hilarious) এগুলোই মানুষকে আবার বাঁচিয়ে তোলে।

# Chapter 1 (Emotions & Feelings)

- **Abhor – hate, detest**

  📌 Mnemonic: “Abu Hor” → আবু হর সব খারাপ জিনিস ঘৃণা করে।

  📝 Example: She abhors cheating in exams.

- **Animosity – hostility, hatred**

  📌 Mnemonic: “Enemy city” → শত্রুর শহরে গেলে সবাই animosity দেখাবে।

  📝 Example: The two teams showed open animosity during the match.

- **Annoy – irritate**

  📌 Mnemonic: “A noise” → বারবার আওয়াজ দিলে সবাই annoyed হয়।

  📝 Example: His constant questions began to annoy the teacher.

- **Enmity – deep hatred**

  📌 Mnemonic: “Enemy tea” → শত্রুর সাথে চা খেলে enmity বাড়ে।

  📝 Example: Political enmity divided the village.

- **Indignation – anger at unfairness**
  📌 Mnemonic: “India + nation” → ওদের অন্যায় দেখলে পুরো জাতি ক্ষোভে ফেটে পড়ে।
  📝 Example: Her voice trembled with indignation at the unfair treatment.

- **Remorse – deep regret**
  📌 Mnemonic: “Re + more sorrow” → বারবার দুঃখ করলে হয় remorse।
  📝 Example: He felt deep remorse for hurting his friend.

- **Sanguine – hopeful, optimistic**
  📌 Mnemonic: “Sang + wine” → গান গেয়ে আর ওয়াইন খেয়ে সবসময় আশাবাদী।
  📝 Example: Despite the loss, she remained sanguine about the future.

- **Zeal – strong enthusiasm**
  📌 Mnemonic: “Zealot” → ধর্মান্ধ zealot সবকিছুতে অতিরিক্ত উদ্যম দেখায়।
  📝 Example: She worked with zeal to finish the project.

- **Gloom – sadness, darkness**

📌 Mnemonic: “Dark room” → আলোহীন ঘরে থাকে শুধু gloom।

📝 Example: After the defeat, gloom spread over the camp.

- **Hilarious – extremely funny**

📌 Mnemonic: “Hilary Ass”

📝 Example: The comedian’s hilarious jokes made everyone laugh.

# “Abhor” শব্দটির অর্থ কী?

a) ভালোবাসা

b) ঘৃণা করা

c) আনন্দ পাওয়া

d) সাহায্য করা

কোন শব্দটি “আশাবাদী” অর্থে ব্যবহৃত হয়?

a) Remorse

b) Sanguine

c) Gloom

d) Animosity

“Hilarious” শব্দটির সমার্থক অর্থ হলো—

a) দুঃখজনক

b) ভীতিকর

c) অত্যন্ত হাস্যকর

d) অন্ধকারময়

# The synonym of *Sanguine* is—

a) Sparkle

b) Cheerful

c) Careful

d) Scared

# Chapter 2: মুখোশের আড়ালে চরিত্র

- রাফি ধীরে ধীরে সাহসী হয়ে উঠছিল, আয়েশাও ধীরে ধীরে নিজের বেদনা থেকে বের হতে চাইছিল। ঠিক তখনই তাদের জীবনে এলো এক নতুন চরিত্র—আদনান।
- বাইরে থেকে আদনান ছিল ভদ্র, পরোপকারী। সবাই তাকে benevolent (দয়ালু) বলে ডাকত। গরিবদের পাশে দাঁড়াত, অসুস্থদের সাহায্য করত। কিন্তু আসল সত্যটা তেমন ছিল না।
- আসলে আদনান ছিল একেবারে bigotry (সংকীর্ণমনা) | নিজের মতামত ছাড়া অন্য কারও মত সে সহ্য করতে পারত না। ধর্ম, মতাদর্শ বা বিশ্বাস—সবকিছুকে সে নিজের মতো করে ব্যাখ্যা করত আর বাকিদের ভুল প্রমাণ করতে চাইত।
- আরও ভেতরে গেলে দেখা যেত, তার মধ্যে লুকিয়ে আছে এক ruthless (নিষ্ঠুর) মন। কারও কষ্ট বা দুর্দশা দেখলে সে ভেতরে ভেতরে আনন্দ পেত। মানুষের দুর্বলতাকে ব্যবহার করাই ছিল তার আনন্দ।

- তবে এর মাঝেও ছিল কিছু সত্যিকারের নক্ষত্র। রাফির সাহসকে সবাই এখন gallant (সাহসী) বলে চিনতে শুরু করেছে। সে ভয় পেলেও মানুষের পাশে দাঁড়াতে জানে। অন্যদিকে আয়েশা নিজের ভেতরের দুঃখ সরিয়ে আবার গান গাইতে শুরু করল। তার চারপাশের মানুষ বলত, “সে সত্যিই virtuous (নৈতিক ও সৎ), কারণ নিজের কষ্টে থেকেও অন্যদের আশা জোগায়।”
- এ শহরে আরও এক মজার চরিত্র ছিল। কেউ ছিল loquacious (অতিরিক্ত কথা বলে), সারাদিন থেমে থেমে গল্প চালিয়ে যেত। আবার কেউ ছিল একেবারে reticent (চুপচাপ), প্রয়োজন ছাড়া একটা শব্দও বের করত না।
- অবশেষে রাফি আর আয়েশা শিখল—মানুষকে তার মুখোশ দেখে বিচার করলে ভুল হবে। কেউ বাইরে থেকে benevolent মনে হলেও ভেতরে ruthless হতে পারে, আবার কেউ চুপচাপ reticent হলেও ভেতরে অনেক gallant সাহস লুকিয়ে রাখে।

# Character Traits

- **Altruism – পরোপকারিতা**

  📌 Mnemonic: "All + true" → যাদের কাছে সবই সত্যিকারের পরোপকার, তারা altruism দেখায়।

  📝 Example: Mother Teresa is remembered for her altruism.

- **Benevolent – দয়ালু, কল্যাণকামী**

  📌 Mnemonic: "Benefit + volunteer" → যে স্বেচ্ছায় অন্যের উপকার করে।

  📝 Example: The benevolent king helped the poor during famine.

- **Virtuous – নৈতিক, সৎ**

  📌 Mnemonic: "Virtue" → ভালো গুণ থেকেই virtuous = নৈতিক ও সৎ।

  📝 Example: She was admired as a virtuous woman.

- **Greedy – লোভী**

📌 Mnemonic: "Greed" → লোভ থেকে greedy।

📝 Example: The greedy man wanted all the money for himself.

- **Bigotry – সংকীর্ণতা, অসহিষ্ণুতা**

📌 Mnemonic: "Big + rotten tree" → বড় হলেও ভেতরে পচা, মানে সংকীর্ণ চিন্তা।

📝 Example: His bigotry made him hate people of other religions.

- **Ruthless – নিষ্ঠুর**

📌 Mnemonic: "Without ruth (pity)" → দয়ারহিত মানেই ruthless।

📝 Example: The ruthless dictator silenced his opponents.

- **Loquacious – বাচাল, অতিরিক্ত কথা বলে**

📌 Mnemonic: "Loqua = talk" → লোকুয়া মানুষ অনেক কথা বলে।

📝 Example: The loquacious student kept interrupting the lecture.

- **Gallant – সাহসী, বীরোচিত**

  📌 Mnemonic: Gala Night

  📝 Example: The gallant soldier saved his comrades.

- **Audacious – সাহসী, নির্লজ্জভাবে বেপরোয়া**

  📌 Mnemonic: “Audio + ous” → মাইক ধরে সবাইকে চ্যালেঞ্জ করা, খুব audacious

  📝 Example: It was an audacious attempt to climb the dangerous mountain.

- **Reticent – চুপচাপ, অল্পভাষী**

  📌 Mnemonic: “Silent” এর মতো শোনায় → চুপচাপ মানুষ।

  📝 Example: He was reticent about his personal life.

# What does the word *Altruism* mean?

a) Selfishness

b) Selflessness toward others

c) Dishonesty

d) Recklessness

# Which word means “talkative, excessively speaking”?

a) Reticent

b) Loquacious

c) Benevolent

d) Audacious

# What quality does the word *Ruthless* describe?

a) Kind and forgiving

b) Moral and upright

c) Brave and chivalrous

d) Cruel; without pity

The synonym of *Benevolent* is—

a) Kind

b) Donor

c) Patron

d) Generous

# Chapter 3: সাফল্য আর ব্যর্থতার পাঠ

- রাফি আর আয়েশা এখন অনেকটা বদলে গেছে। ভয় জয় করে, দুঃখ ভুলে তারা নতুন পথে হাঁটতে শুরু করেছে। কিন্তু জীবন সবসময় মসৃণ নয়। এখানে সাফল্য যেমন আছে, তেমনি আছে ব্যর্থতা, চেষ্টা আর অনিশ্চয়তা।
- একদিন কলেজে বড় এক প্রতিযোগিতা হলো। রাফি গান গাইল, আয়েশা কবিতা পড়ল। সবাই তাদের অভিনন্দন দিল। কিন্তু সব ছাত্রই যে সফল হলো তা নয়। কেউ কেউ চেষ্টা করেও ব্যর্থ হলো। তাদের মুখে ভেসে উঠল একটাই শব্দ—abortive (ব্যর্থ)।
- তবে রাফি বুঝল, সাফল্য একদিনে আসে না। প্রতিদিন চেষ্টা করতে হয়, যেমন diligent (পরিশ্রমী) ছাত্ররা করে। তারা রাত জেগে পড়াশোনা করে, ধৈর্য ধরে অনুশীলন করে।
- একদিন আয়েশা এক ছাত্রকে দেখল, যিনি এক হাতে গান বাজাচ্ছেন। হাত ভাঙা থাকলেও তার dexterity (কৌশল/দক্ষতা) দেখে সবাই অবাক হলো। সে বলল, "শরীর দুর্বল হলেও মন যদি indomitable (অদম্য) হয়, তবে কোনো বাধাই তোমাকে থামাতে পারবে না।"
- রাফি ভাবল, এ কথাটা সত্যি। জীবনে কিছু জিনিস indispensable (অপরিহার্য)। পরিশ্রম, সাহস আর সততা ছাড়া এগোনো যায় না।

- কিন্তু প্রতিযোগিতা মানেই ঝুঁকি। কেউ সফল হবে, কেউ ব্যর্থ হবে। বিচারকদের সামনে দাঁড়িয়ে আয়েশার ভেতর এক অদ্ভুত ভয় ঢুকল। সে বুঝল, জীবন অনেক সময় precarious (ঝুঁকিপূর্ণ), এক সিদ্ধান্তই সবকিছু পাল্টে দিতে পারে।
- তবে শেষ পর্যন্ত সাহসী হয়ে দাঁড়িয়ে গেল সে। নির্দিষ্ট ভঙ্গিতে, precise (স্পষ্ট) উচ্চারণে কবিতা শেষ করল। আর সেই মুহূর্তেই হলঘর ভরে গেল করতালিতে।
- বাড়ি ফেরার পথে রাফি বলল, “আজ আমরা ছোট হলেও এক বিশাল triumph (বিজয়) পেলাম। কারণ আমরা চেষ্টা করেছি।”
- আয়েশা মুচকি হেসে বলল, “হ্যাঁ, হয়তো আমরা এখনো prodigious (অসাধারণ) হয়ে উঠিনি। কিন্তু যদি আমরা pragmatic (বাস্তববাদী) থেকে এগোই, একদিন সবকিছু সম্ভব।”

# এই অধ্যায়ে শিখলাম:

- ব্যর্থতা (abortive) যেমন আছে, তেমনি সাফল্যও (triumph) আছে।
- চেষ্টা (diligent) আর দক্ষতা (dexterity) মানুষকে অদম্য (indomitable) করে তোলে।
- ঝুঁকি (precarious) আর অনিশ্চয়তার মাঝেও বাস্তববাদী (pragmatic) হয়ে এগোলে একদিন অসাধারণ (prodigious) সাফল্য পাওয়া যায়।

# Success, Failure & Effort

- **Abortive – unsuccessful, ব্যর্থ**

  📌 Mnemonic: Abortion

  📝 Example: His abortive attempt to climb the hill left him exhausted.

- **Diligent – hardworking, পরিশ্রমী**

  📌 Mnemonic: “ডেইলি + জেন্ট” → প্রতিদিন যে নিয়মিত কাজ করে, সে diligent।

  📝 Example: She is a diligent student who studies late at night.

- **Dexterity – skill, দক্ষতা**

  📌 Mnemonic: “Dexter = right hand” → ডান হাতের চমৎকার দক্ষতা।

  📝 Example: The surgeon’s dexterity saved the patient’s life.

- **Precarious – risky, ঝুঁকিপূর্ণ**

  📌 Mnemonic: “Pre + car + ious” → পুরনো গাড়ি চালানো সবসময় precarious।”

  📝 Example: He climbed the precarious ladder with care.

- **Precise – exact, স্পষ্ট**

  📌 Mnemonic: “Pre + size ঠিক” → সাইজ একদম ঠিক মানে precise।”

  📝 Example: The scientist gave a precise measurement of the result.

- **Prodigious – extraordinary, অসাধারণ**

  📌 Mnemonic: “Pro + digital” → প্রো লেভেলের ডিজিটাল দক্ষতা অসাধারণ।”

  📝 Example: The child showed prodigious talent in mathematics.

- **Indomitable – unconquerable, অদম্য**

  📌 Mnemonic: “Dominate করা যায় না → indomitable।”

  📝 Example: Her indomitable spirit helped her overcome hardships.

- **Indispensable – essential, অপরিহার্য**

  📌 Mnemonic: “যেটা dispense (ফেলে দেওয়া) করা যায় না → indispensable।”

  📝 Example: Honesty is indispensable in leadership.

- **Pragmatic – practical, বাস্তববাদী**

  📌 Mnemonic: “Practical + automatic” → বাস্তববাদী চিন্তা স্বয়ংক্রিয়ভাবে pragmatic।”

  📝 Example: He took a pragmatic approach to solve the problem.

- **Triumph – victory, বিজয়**

  📌 Mnemonic: “Trump card” → জয় এনে দেয় triumph।”

  📝 Example: The team’s triumph was celebrated across the country.

# *Pragmatic* means—

a) Practical

b) Arrogant

c) Emotional

d) Uncompromising

# Chapter 4: সময়ের গল্প

- রাফি আর আয়েশা ধীরে ধীরে জীবনের পথে পা বাড়াচ্ছিল। তারা শিখেছে ভয় জয় করতে, চরিত্র চিনতে, সাফল্য-ব্যর্থতার সঙ্গে লড়তে। এবার তাদের সামনে এল আরেক গুরু—সময়।
- এক সকালে কলেজের আড্ডায় বসে আয়েশা বলল,
  "তুমি জানো, সুখ-দুঃখ সবই ephemeral (ক্ষণস্থায়ী)। যেমন হঠাৎ পাওয়া আনন্দ কয়েক মিনিটেই মিলিয়ে যায়।"
- রাফি মাথা নেড়ে বলল,
  "হ্যাঁ, জীবন তো আসলে এক transient (অস্থায়ী) যাত্রা। আজ যা আছে, কাল তা নাও থাকতে পারে।"
- শিক্ষক তখন তাদের বোঝালেন,
  "কিছু ঘটনা জীবনে একেবারেই inevitable (অপরিহার্য)। যেমন জন্ম, মৃত্যু, সময়ের প্রবাহ। এসব থেকে কেউ পালাতে পারে না।"

- ক্লাসে তখন ঘন্টা বাজল। সবাই হেসে বলল, "ঘন্টা বাজলে তো সব কাজ simultaneous (একসাথে) হয়ে যায়—কেউ বেরোয়, কেউ দৌড়ায়, কেউ আবার শেষ কথা বলে।"
- আয়েশা হেসে বলল,

  "কিন্তু জীবনের আসল সৌন্দর্য হলো brevity (সংক্ষিপ্ততা)। ছোট ছোট মুহূর্তেই বড় হয়ে ওঠে। যেমন গতকাল আমরা একসাথে আইসক্রিম খেলাম, সেটাও হয়তো একদিন মনে থাকবে।"
- রাফি তখন তার দিকে তাকিয়ে ভাবল, "কিছু পথ হয়তো labyrinth (জটিল) মনে হবে, ঘুরপাক খেতে খেতে পথ হারিয়ে ফেলতে পারি। কিন্তু সেই জটিলতার ভেতর দিয়েই নতুন অভিজ্ঞতা জন্ম নেয়।"

# এভাবেই রাফি আর আয়েশা বুঝল—

- আনন্দ বা কষ্ট ক্ষণস্থায়ী (ephemeral, transient)।
- কিছু সত্য এড়ানো যায় না (inevitable)।
- অনেক কিছু একই সময়ে ঘটে যায় (simultaneous)।
- জীবনের সৌন্দর্য ছোট ছোট মুহূর্তের সংক্ষিপ্ততায় (brevity)।
- আর পথ কখনো গোলকধাঁধার মতো জটিল হলেও (labyrinth) এগিয়ে যেতে হয়।

# Time & Duration

- **Ephemeral – ক্ষণস্থায়ী**

  📌 Mnemonic: “E + funeral” → জীবনের মতোই funeral খুবই ephemeral (ক্ষণস্থায়ী)।
  📝 Example: The beauty of a rainbow is ephemeral.

- **Transient – অস্থায়ী, সাময়িক**

  📌 Mnemonic: “Transit” → গাড়ি বা যাত্রা সবসময় transient (সাময়িক)।
  📝 Example: The city has many transient workers who move often.

- **Inevitable – অপরিহার্য, এড়ানো যায় না**

  📌 Mnemonic: “In + evitable (avoid)” → যা avoid করা যায় না, তাই inevitable।
  📝 Example: Death is inevitable for all living beings.

- **Simultaneous – একসাথে ঘটছে**

  📌 Mnemonic: “Similar + time” → একই সময়ে ঘটছে।
  📝 Example: The two singers gave a simultaneous performance.

- **Brevity – সংক্ষিপ্ততা**

  📌 Mnemonic: “Brief” → সংক্ষিপ্ত জিনিসই brevity।

  📝 Example: The brevity of the speech impressed everyone.

- **Labyrinth – জটিল গোলকধাঁধা**

  📌 Mnemonic: “Lab + in” → ল্যাবরেটরির ভেতরে ঢুকলে যেন গোলকধাঁধা।

  📝 Example: The old city’s streets formed a labyrinth of alleys.

# Thank You